

ক্র.নং	সেবার নাম	সেবা গ্রহীতা	সেবা প্রদানের সংক্ষিপ্ত পদ্ধতি/ সর্বোচ্চ সময়সীমা/ সংশ্লিষ্ট আইন-বিধি	সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী
১	২	৩	৪	৫
০১	সকল শ্রেণীর কৃষকের জন্য কৃষি বিষয়ক পরামর্শ প্রদান।	স্থানীয় পর্যায়ের সকল শ্রেণীর কৃষক	সংক্ষিপ্ত পদ্ধতি: স্থানীয় পর্যায়ের সকল শ্রেণীর কৃষকদের তাদের চাহিদা অনুযায়ী কৃষি বিষয়ক পরামর্শ যেমন- ফসলের উন্নত জাত, আধুনিক চাষাবাদ পদ্ধতি, নতুন প্রযুক্তি, সার সুপারিশ, পোকা-মাকড় ও রোগ-বলাই দমন পদ্ধতি ও সেচ বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। সময়সীমা: সারা বছর।	উপজেলা কৃষি অফিসার ও কৃষি সম্প্রসারণ অফিসার।
০২	কৃষকদের ক্ষেত্রে প্রদর্শনী স্থাপন।	স্থানীয় পর্যায়ের আধুনিক ও আগ্রহী কৃষক	সংক্ষিপ্ত পদ্ধতি: বিভিন্ন প্রকল্প ও সরকারী ভাবে প্রাপ্ত প্রদর্শনী সমূহ বিভিন্ন ব্লকের কৃষকদের মাঝে বন্টন করা হয়। যে সমস্ত কৃষক আধুনিক ও আগ্রহী এবং রাস্তার পাশে আবাদী জমি রয়েছে তাদের অগ্রাধিকার দেওয়া হয়ে থাকে। এক্ষেত্রে কৃষকদের বিনা মূল্যে বীজ ও সার সরবরাহ করা হয়। সময়সীমা: প্রতি মৌসুমের শুরুতে।	উপজেলা কৃষি অফিসার।
০৩	কৃষকদের প্রশিক্ষণ প্রদান।	স্থানীয় পর্যায়ের সকল শ্রেণীর কৃষক	সংক্ষিপ্ত পদ্ধতি: বিভিন্ন প্রকল্পের অনুকূলে স্থানীয় পর্যায়ের বিভিন্ন শ্রেণীর কৃষকদের বিভিন্ন কৃষি বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। এক্ষেত্রে কৃষকদের প্রশিক্ষণ উপকরণ ও সন্মানী ভাতার ব্যবস্থা করা হয়। সময়সীমা: প্রকল্পের বরাদ্দ প্রাপ্তির পর সর্বোচ্চ ৭ দিনের মধ্যে।	উপজেলা কৃষি অফিসার ও কৃষি সম্প্রসারণ অফিসার।
০৩	সার ডিলার নিয়োগ।	সার ডিলার নিয়োগ প্রাপ্তির জন্য আবেদনকারী	সংক্ষিপ্ত পদ্ধতি: প্রাপ্ত যথাযথ আবেদনের ভিত্তিতে বিধি অনুযায়ী আবেদনপত্র উপজেলা সার বীজ মনিটরিং কমিটির মাধ্যমে সভাপতি; জেলা সার বীজ মনিটরিং কমিটির বরাবর প্রেরণ করা হয়। জেলা প্রশাসক মহোদয়/সভাপতি মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করেন। সময়সীমা: আবেদনের সঠিকতা এবং স্বয়ংসম্পূর্ণতা সাপেক্ষে সর্বোচ্চ ৩০ দিন। সংশ্লিষ্ট আইন-বিধি: সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯।	উপজেলা নির্বাহী অফিসার; উপজেলা কৃষি অফিসার; সংশ্লিষ্ট কমিটি।
০৪	সার ডিলার(সার) নিয়োগ।	সার ডিলার নিয়োগ প্রাপ্তির জন্য আবেদনকারী	সংক্ষিপ্ত পদ্ধতি: প্রাপ্ত যথাযথ আবেদনের ভিত্তিতে বিধি অনুযায়ী আবেদনপত্র উপজেলা সার বীজ মনিটরিং কমিটির বরাবর প্রেরণ করা হয়। সভাপতি; উপজেলা সার বীজ মনিটরিং কমিটি বিধি মোতাবেক পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করেন। সময়সীমা: আবেদনের পর থেকে সর্বোচ্চ ৩০ দিন। সংশ্লিষ্ট আইন-বিধি: সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯।	উপজেলা কৃষি অফিসার; সংশ্লিষ্ট অফিস সহকারী।
০৫	বলাইনাশকের লাইসেন্স প্রদান।	বলাইনাশকের লাইসেন্সের জন্য আবেদনকারী	সংক্ষিপ্ত পদ্ধতি: প্রাপ্ত যথাযথ আবেদনের ভিত্তিতে কৃষি সম্প্রসারণ অফিসার আবেদনকারীর ব্যবসার স্থান পরিদর্শন পূর্বক আবেদনপত্র উপজেলা কৃষি অফিসারের নিকট প্রেরণ করেন। উপজেলা কৃষি অফিসারের স্বাক্ষরের পর উপজেলা নির্বাহী অফিসার লাইসেন্সের প্রাথমিক অনুমোদন করেন। পরবর্তীতে জেলা কর্মকর্তার(পিপিএস) স্বাক্ষরের মাধ্যমে লাইসেন্স অনুমোদন হয়। সময়সীমা: আবেদনের পর ৭ দিন। সংশ্লিষ্ট আইন-বিধি: অর্থ মন্ত্রণালয়ের জারীকৃত সর্বশেষ নির্দেশনা। সংশ্লিষ্ট আইন-বিধি: The Pesticides Rules, 1985।	উপজেলা নির্বাহী অফিসার; উপজেলা কৃষি অফিসার; কৃষি সম্প্রসারণ অফিসার; সংশ্লিষ্ট অফিস সহকারী।
০৬	সারের চাহিদা প্রেরণ ও বন্টন।	সার ডিলার	সংক্ষিপ্ত পদ্ধতি: প্রতিমাসে উপজেলার কৃষকদের চাহিদা অনুযায়ী বিভিন্ন প্রকার সারের চাহিদা প্রেরণ করা হয় এবং বরাদ্দ অনুযায়ী সার ডিলারদের মাঝে তা বিভাজন করা। সময়সীমা: প্রতিমাসে 1 বার ও বরাদ্দ প্রাপ্তি পর ২ দিনের মধ্যে বন্টন করা হয়। সংশ্লিষ্ট আইন-বিধি: সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯।	উপজেলা নির্বাহী অফিসার; উপজেলা কৃষি অফিসার; সংশ্লিষ্ট অফিস সহকারী।
০৮	সারের নমুনা টেস্টে পাঠানো।	স্থানীয় পর্যায়ের সকল শ্রেণীর কৃষক	সংক্ষিপ্ত পদ্ধতি: কৃষকদের অভিযোগের ভিত্তিতে কৃষি সম্প্রসারণ অফিসার সারের নমুনা সংগ্রহ করেন। পরবর্তীতে উক্ত সারের নমুনা কৃষি সম্প্রসারণ অফিসার ও উপজেলা কৃষি অফিসারের স্বাক্ষরের মাধ্যমে টেস্টে পাঠানো হয়। টেস্টের ফলাফলের ভিত্তিতে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হয়। সময়সীমা: সারের নমুনা টেস্টে পাঠানো পরবর্তী ৩০ দিনের মধ্যে। সংশ্লিষ্ট আইন-বিধি: সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯।	উপজেলা কৃষি অফিসার ও কৃষি সম্প্রসারণ অফিসার; সংশ্লিষ্ট অফিস সহকারী।
০৯	বীজের চাহিদা প্রেরণ।	স্থানীয় পর্যায়ের সকল শ্রেণীর কৃষক ও বীজ ডিলার।	সংক্ষিপ্ত পদ্ধতি: উপজেলার কৃষকদের চাহিদা অনুযায়ী বিভিন্ন প্রকার ফসলের বীজের চাহিদা বিএডিসি বরাবর প্রেরণ করা হয়। বীজের চাহিদা অনুযায়ী পরবর্তী বিএডিসি বীজ সরবরাহ করে। সময়সীমা: প্রতি মৌসুমের শুরুতে।	উপজেলা কৃষি অফিসার।
অভিযোগ দাখিল ও তথ্য প্রদানকারী:			উপজেলা কৃষি অফিসার, তালা, সাতক্ষীরা Telephone : +88 024 777 44 026 Cell Phone : +88 01700 -- 71 59 58 E-Mail : uaotala@dae.gov.bd , uaotala@yahoo.com , uaodaetala@gmail.com	
আপিল কর্তৃপক্ষ:			উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সাতক্ষীরা উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি, সাতক্ষীরা ফোন: 02477-741011 ই-মেইল : ddaesatkhirar7@yahoo.com ওয়েবসাইট: www.dae.satkhira.gov.bd	